# AKASHVANI (Kolkata)
## Regional News Unit

**Date : 15. 04. 2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 PM** **Compiling : S. Mukherjee**

**DEO : KB** **NR : S Sen**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে নতুন বাংলা বছর ১৪৩২-এর সূচনা হয়েছে।

# রাজ্য সরকার নতুন বছরের প্রথম দিনটিকে এবার 'বাংলা দিবস' হিসেবে পালন করছে। শুভেচ্ছা বিনিময়, দোকানে হালখাতা সহ নানা জায়গায় বের করা হয়েছে শোভাযাত্রা।

২/ মুর্শিদাবাদের সামশেরগঞ্জে পিতা পুত্রের খুনের ঘটনায় ধৃত দুই যুবককে ১০ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

৩/ লাগাতার পুলিশী টহল ও কেন্দ্রীয় বাহিনীর রুটমার্চে সামশেরগঞ্জের জনজীবন স্বাভাবিক হয়ে আসছে। # ওয়াকফ সংশোধনী আইন নিয়ে প্রতিবাদ বিক্ষোভের মধ্যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল মুসলিম সংগঠনগুলির সঙ্গে বৈঠকে বসতে চলেছেন।

৪/ দুর্গাপুর NIT-র মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে গবেষণার সময় তীব্র বিস্ফোরণে এক অধ্যাপক ও একজন ছাত্র গুরুতর জখম হয়েছেন।

৫/ নদীয়ার কুলগাছিতে এক সড়ক দুর্ঘটনায় তিনজন প্রাণ হারিয়েছেন।

৬/ চন্ডীগড়ে IPL ক্রিকেটে পাঞ্জাব কিংস টসে জিতে KKR-এর বিরুদ্ধে ব্যাট করছে।

*****************************************************************

চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্যে দিয়ে নতুন বাংলা বছর ১৪৩২ এর আজ সূচনা হয়েছে। পরস্পরকে শুভেচ্ছা বার্তা, মিষ্টিমুখ, দোকানে হালখাতা সহ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে গোটা বাংলা নতুন বছরকে আবাহন করছে, অনেক জায়গায় বের করা হয়েছে শোভাযাত্রা। বিভিন্ন দোকান ও ব্যাবসায়ী প্রতিষ্ঠানে নতুন হিসেবের খাতা চালু করতে লক্ষী ও সিদ্ধিদাতা গণেশের পুজো করা হয়েছে। নতুন বছরের নতুন আসা ও সম্ভাবনা নিয়ে বাঙালি আজ পালন করছে পয়লা বৈশাখ। রাজ্য সরকার এবার থেকে বাংলা নববর্ষের দিনটি বাংলা দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে। রাজ্য স্তরে নববর্ষের মূল অনুষ্ঠানটি হয় কলকাতার রবীন্দ্র সদনে। বাংলা সাহিত্য, সংগীত, নৃত্য, লোকশিল্প ও স ংস্কৃতি ক্ষেত্রে বিশিষ্ট শিল্পীদের এই অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়।

************************

বাংলা নববর্ষ উপলক্ষ্যে আজ রাজ্যস্তরের মূল অনুষ্ঠানটি হয় রবীন্দ্র সদনে। বাংলা সাহিত্য, গান, নৃত্য, লোকশিল্প ও সংস্কৃতির বিশিষ্ট শিল্পীদের পুরস্কৃত করা হয়। রাজ্যের তথ্য সংস্কৃতি প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন বলেন, এবছর প্রতিটি ব্লকে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

( বাইট- ইন্দ্রনীল সেন )

রাজ্য সরকার, বাংলা নববর্ষের প্রথম দিনটিকে এবার ‘বাংলা দিবস’ হিসেবে পালন করছে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, রাজ্য নাট্য অ্যাকাডেমির সভানেত্রী অর্পিতা ঘোষ, জয় গোস্বামী, তথ্য সংস্কৃতি সচিব শান্তনু বসু সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

************************

বিভিন্ন জেলাতেও আজ নতুন বছরকে স্বাগত জানাতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**বর্ধমানের** বিভিন্ন মন্দিরগুলিতে আজ সকাল থেকে ভক্তদের ভিড় উপচে পড়ে। প্রাচীন রীতি মেনে বর্ধমানের অধিষ্ঠাত্রী দেবী সর্বমঙ্গলা মন্দিরে পুজো দেন অনেকে।

**নবদ্বীপের** পোড়ামাতলা, কৃষ্ণনগরের আনন্দময়ী তলা, সিদ্ধেশ্বরী মন্দির, শান্তিপুরের সিদ্ধেশ্বরী মন্দির ও দিগনগরের রাঘবেশ্বর শিব মন্দিরে পুজো দিতে মানুষ ভিড় জমান।

অন্যদিকে, হিংসা-বিদ্বেষ-ক্লান্ত **মুর্শিদাবাদের** সকলের মঙ্গল কামনা করে বহরমপুরে আয়োজিত হয় শোভাযাত্রা। পুতুল নাচ, ঘোড়া নাচ, ঢাকের বাদ্যি, হাতপাখার মতো বাঙালীয়ানার প্রতীকে সাজানো এই শোভাযাত্রা দিয়েছে সম্প্রীতির বার্তা।

**মালদার** ইংলিশ বাজার পৌরসভার ৫ নম্বর ওয়ার্ড নাগরিক কমিটির উদ্যোগে পিরোজপুর থেকে এক শোভাযাত্রা মালদা শহর পরিক্রমা করে।

**শিলিগুড়ি** পুরনিগমের উদ্যোগে বাঘাযতীন পার্কে বাংলা নতুন বছরকে স্বাগত জানাতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

নতুন বছর উপলক্ষে **কোচবিহার** মদনমোহন মন্দিরে ভক্তদের ভিড় ছিল চোখে পড়ার মতো। জেলা তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কোচবিহার রবীন্দ্র ভবনে অনুষ্ঠিত হলো নববর্ষ বরণ এবং 'বাংলা দিবস' উদযাপন অনুষ্ঠান।

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে **উত্তর দিনাজপুর** জেলার ইসলামপুরে বর্ণাঢ্য শোভাযাত্রা ও মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

***********************

বাংলা নববর্ষ উপলক্ষ্যে আজ বঙ্গীয় সনাতনী সংস্কৃতি পরিষদের উদ্যোগে এক বিশেষ মঙ্গল শোভাযাত্রার আয়োজন করা হয়। বাঙালীর মঙ্গলঘট, বরণডালা, কুলো, চামর সহ বিভিন্ন সাংস্কৃতিক চিহ্ন নিয়ে এই মঙ্গল শোভাযাত্রা, মোহরকুঞ্জ থেকে শুরু হয়ে পথ পরিক্রমা করে আবার সেখানেই এসে শেষ হয়। সংস্কৃতি পরিষদের সম্পাদক প্রবীর ভট্টাচার্য জানিয়েছেন, শশাঙ্ক প্রবর্তিত নববর্ষের স্মরণে এই পদযাত্রার আয়োজন।

( বাইট- প্রবীর ভট্টাচার্য)

***********************

রাজ্যে কর্মসংস্থান ও শিল্প স্থাপনের দাবিতে কংগ্রেসের উদ্যোগে আজ কলকাতায় এক মিছিলের আয়োজন করা হয়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে মধ্য

কলকাতার ফিরিঙ্গি কালীবাড়ি থেকে মিছিলটি পোদ্দার কোর্টে ইন্ডাস্ট্রি হাউস পর্যন্ত যায়। রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি সহ অন্যান্য নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা ওই মিছিলে অংশ নেন।

**********************

শিয়ালদহ কৃষ্ণপদ ঘোষ মেমোরিয়াল ট্রাস্টের সভার ঘরে আজ "নববর্ষের বৈঠকী আড্ডার" আয়োজন করা হয়। বঙ্গীয় কলা বিদ্যালয়, বঙ্গীয় কলা কেন্দ্র, বিবেকানন্দ বুক সেন্টার এবং বিবেক পত্রিকার উদ্যোগে এই অনুষ্ঠানে দুটি পত্রিকা ও একটি বই প্রকাশিত হয়।

**********************

প্রতি বছরের মতো এবার'ও, পয়লা বৈশাখে প্রথা মাফিক আজ সকালে মোহনবাগান, ইস্টবেঙ্গল সহ কলকাতা ময়দানের বিভিন্ন ক্লাবে সাড়ম্বরে বারপুজোর আয়োজন করা হয়। বহু প্রাক্তন ও বর্তমান ফুটবলার ছাড়া সমর্থকরা মাঠে উপস্থিত ছিলেন। চলে মিষ্টিমুখ।

সম্প্রতি ISL লিগ শিল্ড ও কাপ জয়ী মোহনবাগান ক্লাবে সদস্য সমর্থকদের মধ্যে ব্যাপক উদ্দীপনা দেখা দেয়। লিগ শিল্ড ও কাপ ছাড়াও, কলকাতা হকি লিগে চ্যাম্পিয়ন ট্রফি আজ মাঠে রাখা হবে।

CAB সভাপতি স্নেহাশিস গঙ্গোপাধ্যায় আকাশবাণী কলকাতাকে জানালেন, নস্টালজিক বাঙালীর কাছে বারপুজোর উন্মাদনা আজ'ও অমলিন।

( বাইট- স্নেহাশিস )

এদিকে, সন্তোষ ট্রফি জয়ী বাংলা দলের কোচ সঞ্জয় সেন বললেন, মোহনবাগানের দ্বিমুকুট জয়, অনুপ্রাণিত করবে ইস্টবেঙ্গল, মহামেডান ক্লাবকে।

( বাইট- সঞ্জয় সেন )

**********************

কেন্দ্রের সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতা ও প্রতিবাদ আন্দোলনের আবহের মধ্যেই রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে প্রস্তাবিত এক বৈঠকে বিভিন্ন মুসলিম সংগঠনের প্রতিনিধি, মাওলানা ও মোয়াজ্জিমদের সঙ্গে মিলিত হবেন।

উল্লেখ্য, রাজ্যজুড়ে সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী এর আগে সম্প্রীতিতে জোর দেওয়ার পাশাপাশি এই আইন রাজ্যে বলবত করা হবে না বলে জানিয়েছেন।

************************

এনফোর্সমেন্ট ডিরেক্টরেট - ইডি কেন্দ্রীয় বাহিনীর সহযোগিতায় আজ সকাল থেকে কলকাতা সহ আট জায়গায় তল্লাশী চালাচ্ছে। ভুয়ো পাসপোর্ট তৈরীর ঘটনায় অবৈধ ভাবে অনুপ্রবেশকারীদের সন্ধানে ফরেনার্স এ্যাক্ট মামলায় এই তল্লাশী চলেছে। জাল নথী দেখিয়ে অনুপ্রবেশের অভিযোগের জেরে এবিষয়ে তদন্ত চলছে। কলকাতার বিরাটি ও বেকবাগান ছাড়াও হাওড়ার বাঁকড়া, নদিয়ার গেদে এলাকায় তল্লাশী চলে।

জালিয়াতির তদন্তে নদীয়াতেও ইডি হানা দিয়েছে। ভারত বাংলাদেশ সীমান্ত এলাকা গেদে উত্তরপাড়ায় ইডির হানা দেয়। ওই এলাকার বাসিন্দা অলোক নাথের বাড়িতে পৌঁছে ইডি জেরা শুরু করে। খতিয়ে দেখা হয় বিভিন্ন নথিপত্র। পরে তাকে ইডি আধিকারিকরা নিয়ে যায় বলে সূত্রের খবর।

উল্লেখ্য, অলোক নাথ দীর্ঘদিন ধরে পাসপোর্ট ভিসা তৈরীর ক্ষেত্রে দালালির কাজ করতেন।

************************

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে আজও পরিস্থিতি থমথমে লাগাতার পুলিশি টহল ও কেন্দ্রীয় বাহিনীর রুট মার্চে স্বাভাবিক হচ্ছে জন জীবন।

এদিকে, অশান্তির মধ্যে বাড়ি থেকে টেনে নিয়ে গিয়ে বাবা ও ছেলে খুনের ঘটনায় গ্রেফতার করা হয়েছে দু জন কে। হরগোবিন্দ দাস ও চন্দন দাস নামের বাবা ছেলে খুনের ঘটনায় কালু নাদাব, দিলদার নাদাব নামের স্থানীয় দুই যুবককে পুলিশ গ্রেপ্তার করেছে বলে জানিয়েছেন, রাজ্য পুলিশের ADG সুপ্রতিম সরকার।

( বাইট- সুপ্রতিম সরকার )

আজ তাদের আদালতে পেশ করা হলে ১০ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি খুনের ঘটনায় আরও কারা যুক্ত তা খতিয়ে দেখছে পুলিশ। অন্যদিকে সামশেরগঞ্জের ঘটনা নিয়ে ভুয়ো পোস্ট করায় ব্লক করা হয়েছে ১' হাজার ৯৩টি সোশ্যাল মিডিয়ার প্রোফাইল। হিংসার ঘটনায় সামশেরগঞ্জ, সুতি ও রঘুনাথগঞ্জ থানা এলাকার ২২৩ জনকে গ্রেফতার করা হয়েছে এপর্যন্ত।

************************

প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বহরমপুর মেডিকেল কলেজ হাসপাতালে গিয়ে গুলিতে গুরুতর আহত তিন কিশোরকে দেখতে যান।
শ্রী চৌধুরী সাংবাদিকদের বলেন, মুর্শিদাবাদের ঘটনায় অনেক মানুষ আহত হয়েছেন। বিভিন্ন হাসপাতালে তাঁদের চিকিৎসা চলছে। গোটা ঘটনা সরকার ধামাচাপা দিতে চাইছে বলে মন্তব্য করে তিনি সত্য উদঘাটনের দাবি জানান।

************************

দুর্গাপুর NIT-র মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে বিটেক পড়ুয়াদের নিয়ে থার্মিট ওয়েলডিং-এর গবেষণার কাজ চলার সময় তীব্র বিষ্ফোরণে এক অধ্যাপক ও একজন ছাত্র গুরুতর জখম হয়েছেন। বিষ্ফোরণে রাসায়নিক পদার্থ ছিটকে অধ্যাপক ইন্দ্রজিত বসাক এবং আকাশ মাঝি নামে এক পড়ুয়া ঝলসে যান।
দুজনকেই দুর্গাপুরের এক বেসরকারি হাসপাতালের ICU-তে ভর্তি করা হয়। আরো দুই অল্পবিস্তর আহত ছাত্রকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে।
NIT-র মুখ্য জনসংযোগ আধিকারিক শ্রীকৃষ্ণ রাই জানিয়েছেন, অধ্যাপক বসাকের অবস্থা আশঙ্কাজনক। প্রয়োজনে এয়ার অ্যাম্বুলেন্স করে তাঁকে দিল্লি নিয়ে যাওয়া হতে পারে।

************************

নদিয়ার ভীমপুরের কুলগাছিতে বাংলা নববর্ষের দিন যাত্রীবাহী একটি বাসের সঙ্গে মোটরভ্যানের মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছে। দুর্ঘটনাস্থলে দুজন এবং শক্তিনগর জেলা হাসপাতালে আহত একজনের পরে মৃত্যু হয় ।

পুলিশ সূত্রে উদ্ধৃত করে আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন, মাঝদিয়ার দিক থেকে কৃষ্ণনগরগামী একটি যাত্রীবাহী বাসের সঙ্গে উল্টোদিক থেকে আসা একটি ভ্যানের মুখোমুখি সংঘর্ষে এই বিপত্তি ঘটে। হতাহতরা মোটরভ্যানের আরোহী বলে জানা গেছে। এদের বাড়ি কৃষ্ণগঞ্জ থানার বানপুরে।

***********************

আইপিএল  ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, পাঞ্জাব কিংসের মুখোমুখি হয়েছে। পাঞ্জাব কিংস টসে জিতে KKR-এর বিরুদ্ধে প্রথমে ব্যাট করতে নেমেছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, পাঞ্জাব ৫ ওভারে ৩ উইকেটে ৪২ রান করেছে।

******************************************************************